

18(A)

UG-II/Beng.-III(H)/21

2021
BENGALI
[HONOURS]
Paper : III

Full Marks : 100

Time : 4 Hours

The figures in the right-hand margin indicate marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৫ = ৫$
- ক) ‘বল দেখি ফুলটি ফুটলে কী সুখ’ — উক্তিটি কার?
- খ) ‘গৃহদাহ’ উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?
- গ) ‘কেবল দুইজনে অন্ধকারের দিকে চাহিয়া রহিলাম’ — দুইজনের নাম কী?
- ঘ) ‘মা, ভগবান চিরদিন তোমাকে রক্ষা করুন’ — বক্তা কে?
- ঙ) নিখিলেশের জমিদারী এলাকায় বিখ্যাত হাটের নাম কী?
- চ) ‘ওগো পায়ে পড়ি আমাকে বাড়ী রেখে এসো’ — কে, কখন এই উক্তি করেছিল?
- ছ) ‘গৃহদাহ’ উপন্যাসটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

জ) কত বছর বয়সে পদ্মাবতীর সঙ্গে নবকুমারের বিবাহ হয়?

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$
- ক) ‘ক্ষুদ্র ফুল ফুটিয়া থাকে কিন্তু এক মৃগালে দুইটি কমল ফোটে না’ — কার উক্তি? ‘দুইটি কমল’ বলতে কী বোঝানো হয়েছে?
- খ) ‘যারা ন বছর দিনরাত্তির একসঙ্গে কাটিয়েছে তারাও পরস্পরকে কত অল্প চেনে!’ — বক্তা কে? যাদের কথা বলা হচ্ছে, তারা কারা?
- গ) ‘বল হারাইতেছ, এই মহৌষধ পান কর, ইহা ভবানীর প্রসাদ।’ — কাকে বলা হচ্ছে? মহৌষধটি প্রকৃতপক্ষে কী?
- ঘ) ‘সেজদা আমার কথা তোমাকে আগে বলেন নি?’ — বক্তা কে? সেজদা কে?
- ঙ) ‘এই নিঃশব্দ গভীর বেদনার রূপটি আমি এতদিন এমন স্পষ্ট করিয়া দেখি নাই’ — কার কেমন রূপের কথা বলা হয়েছে?
- চ) ‘আমি ও যে তাহাদের মধ্যে একজন’। — কে, কাদের মধ্যে একজন?
- ছ) ‘এরা আমাকে যেতে দিতে চায় না’ — একথা কে, কাকে বলেছিল?
- জ) ‘আহা, দুটিতে বেশ মানায়’ — কথাটি কে বলেছিল?

[Turn over]

18(A)

[2]

- ঝ) ‘ও তো কর্তব্য পালন করেছে’
— কে, কী কর্তব্য পালন করেছে?
- ঞ) ‘পরশপাথরের স্পর্শে রাস্তাও সোনা হয়’
— কথাটি ব্যাখ্যা করো।
- ট) ‘প্রকান্ত একটা দায়িত্বের গৌরবে আমার মন ভরে উঠল’
— মন ভরে ওঠার কারণ কী লেখো।
- ঠ) ‘তুমি আমার সেই সতীলক্ষ্মী মা, অনেক কাল আগে কেবল দুদিনের জন্য আমার কোলে এসে চলে গিয়েছিলে’
— কে, কাকে এই সম্বোধন করেছিল?

৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৫ = ৩০$

- ক) বাংলা সাহিত্যে একখানি সার্থক সামাজিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।
- খ) ছোটগল্পের সঙ্গে উপন্যাসের পার্থক্যগুলি সংক্ষেপে বুঝিয়ে দাও।
- গ) মতিবিবি-র পূর্বজীবনের ইতিহাসটি সংক্ষেপে উল্লেখ করো।
- ঘ) মহিমের বাড়ি পুড়ে যাওয়ার ঘটনাকে কী ‘গৃহদাহ’ উপন্যাসের কেন্দ্রীয় ঘটনা বলা যায় — আলোচনা করো।
- ঙ) ‘মনে মনে ক্ষমা চাওয়ার চেয়ে প্রকাশ্যে চাওয়াটি যে সকল সময়ে সবচেয়ে বড়ো জিনিস তা আমি স্বীকার করি নে’ — প্রসঙ্গসহ আলোচনা করো।

- চ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ, বৈশিষ্ট্যসহ আলোচনা করো।
- ছ) ‘কপালকুণ্ডলা ভাবিলেন, ভিক্ষুক দৌড়িল কেন’
— প্রসঙ্গ উল্লেখ করে ভিক্ষুকের দৌড়ানোর কারণ কী জানাও।
- জ) ‘ঘরে বাইরে’ উপন্যাসে পঞ্চ চরিত্রটির ভূমিকা আলোচনা করো।

৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

- ক) ‘শেষের রাত্রি’ গল্পে যতীন চরিত্রের প্রেমিকসত্তাটি কীভাবে পরিস্ফুট হয়েছে তা পর্যালোচনা করো।
- খ) ‘নিশীথে’ গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা আলোচনা করো।
- গ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের গঠনকৌশল প্রসঙ্গটি বিশ্লেষণ করো।
- ঘ) ‘মানভঞ্জন’ গল্পে গিরিবালা চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঙ) হৈমন্তীর করুণ পরিণতির জন্য প্রকৃতপক্ষে দায়ী কে — তার চরিত্র বিশ্লেষণ প্রসঙ্গে পর্যালোচনা করো।
- চ) গৃহদাহ উপন্যাসে সুরেশ ও মহিম চরিত্র দুটির মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।